



Image Source: Google and Illustration: Kuldeep Jung Bahadur Gurung / SMCRF

“আপনার সচেতনতা ও সহযোগিতাই পারে  
বিপন্ন মেছো বিড়াল বাঁচাতে”



صندوق محمد بن زايد  
للمحافظة على الحيوانات النادرة  
The Mohamed bin Zayed Species Conservation Fund




আবাসস্থল থাকলে, মেছো বিড়াল বাঁচবে

Text & Design: Sadya Mizan, Sayam U. Chowdhury & Nazim Uddin Prince

Save the Endangered  
FISHING CAT

বিপন্ন মেছো বিড়াল বাঁচান



PROJECT FISHING CAT | BANGLADESH

## 🐾 মেছো বিড়াল (Fishing Cat) কি?

মেছো বিড়াল বাংলাদেশের একটি বিপন্ন প্রজাতির বন্যপ্রাণী। আকারে ছোট এই বিড়াল মূলত মাছ খায় এবং জলাভূমির আশেপাশে বসবাস করে। এরা নিশাচর, সাধারণত রাতের বেলা শিকার ধরে আর দিনের বেলা জলাভূমির ধারের ঢোলকলমি, নল, ও কচুরিপানার ঝোপে লুকিয়ে থাকে। এরা খুব ভাল সাঁতার কাটতে পারে এবং গাছেও চড়তে পারে। পৃথিবীর বিভিন্ন দেশে এরা জলাভূমি সলগ্ন এলাকা, প্যারা বন ও পাহাড়ি নদী-ছড়ার ধারে বাস করে। একসময় সমগ্র বাংলাদেশে এদের দেখা গেলেও আজ এরা বিরল ও বিপন্ন। আবাসস্থল ধ্বংস ও মানব সৃষ্ট নানা কারণে মেছো বিড়াল আজ শুধু বাংলাদেশ নয় সমগ্র বিশ্বব্যাপী বিপদাপন্ন।



## 🐾 কেন মেছো বিড়াল আজ বিরল ও বিপদাপন্ন ?

জনসংখ্যা বৃদ্ধি ও মানুষের দ্বারা আবাসস্থল ধ্বংসের কারণে সৃষ্ট নানা দন্দে দক্ষিণ ও দক্ষিণ পূর্ব এশিয়ার অনেক দেশ থেকে এরা আজ হারাতে বসেছে। পাশাপাশি সমগ্র বিশ্বব্যাপী মেছো বিড়াল আজ বিপদাপন্ন তার মূল কারণ এদের আবাসস্থল কমে যাওয়া ও মানুষের দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া। বাংলাদেশেও এই বিড়াল কমে যাবার প্রধান কারণ বসবাসের স্থান নষ্ট হওয়া, মানুষের হাতে ধরা পরা ও মারা যাওয়া।



## মেছো বিড়াল সম্পর্কে সাধারণ মানুষের ভুল ধারণা সমূহ :

- মেছো বিড়ালকে অনেকে বাঘ বলে মনে করেন
- এই বিড়ালকে বাঘের মত শক্তিশালী ও ভয়ঙ্কর মনে করা হয়।
- অনেকে মনে করেন হাঁস মুরগী এদের মূল খাবার তাই বেশী আক্রমণ করে থাকে।
- মেছো বিড়াল আপনার ফিশারি থেকে কেবল সুস্থ ও বড় মাছই খায় এই ধারণা ভুল।
- এরা খাদ্যের জন্য গবাদি পশু হত্যা করে এই ধারণা ভুল।

## মেছো বিড়াল সম্পর্কে সঠিক তথ্যসমূহ :

- এরা বাঘ নয় এক প্রকার বিড়াল।
- আকারে অনেক ছোট এই বিড়াল বাঘের মত এত শক্তিশালী ও ভয়ঙ্কর নয়।
- এটি ভুল ধারণা এদের মূল খাবার মাছ।
- বরং অসুস্থ মাছ খেয়েও অনেক উপকার করে থাকে।
- এরা কেবল বিপদে পড়লে গবাদি পশু আক্রমণ করে।



## 🐾 কেন এদের রক্ষা করতে হবে?

গুরুত্বপূর্ণ আবাসস্থল বলে বিবেচিত সিলেট অঞ্চলের এই জলাভূমি গুলোতে মেছো বিড়ালকে টিকিয়ে না রাখতে পারলে এরা হয়ত একদিন বাংলাদেশ থেকেই বিলুপ্ত হয়ে যাবে। এছাড়া এরা পরিবেশের ভারসাম্য বজায় রাখতে বিশেষ ভূমিকা পালন করে। বাংলাদেশ সহ পৃথিবীতে এই বিপন্ন বিড়াল টিকিয়ে রাখার জন্য আমাদের সকলের সমন্বিত উদ্যোগ নিতে হবে। **আবাসস্থল থাকলে, মেছো বিড়াল বাঁচবে।**



## 🐾 মেছো বিড়াল বাঁচাতে আপনার কি করণীয় ?

মেছো বিড়াল বাঁচাতে সবচেয়ে গুরুত্বপূর্ণ করণীয় সকলকে সচেতন করতে হবে। এই বিড়াল সম্পর্কে সাধারণ মানুষের মধ্যে যে সকল ভুল ধারণা আছে তা দূর করতে চাই সকলের সঠিক ধারণা ও সচেতনতা। মনে রাখতে হবে মেছো বিড়াল বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ সম্পদ যা দেশের বন্যপ্রাণী আইনে সংরক্ষিত বন্যপ্রাণী। এই বিড়ালের আবাসস্থল ঝোপঝাড় নষ্ট করা, ফাঁদ বা পিঞ্জিরা পেতে মেছো বিড়াল ধরা ও হত্যা করা আইনত দণ্ডনীয়। তাই এই সকল কাজ থেকে বিরত থাকতে হবে। কোথাও কোনো মেছো বিড়াল ধরা বা আটক হলে স্থানীয় বন বিভাগের সাথে যোগাযোগ করতে হবে। এদের রক্ষা করার দায়িত্ব আপনার আমার সকলের, আসুন মেছো বিড়াল বাঁচাতে সকলে একতাবদ্ধ হই।

